**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**( কাস্টমস ও মূল্য সংযোজন কর )**

**প্রজ্ঞাপন**

**তারিখ: ১০ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ/২৪ মে, ২০২১ খ্রিষ্টাব্দ**

**এস.আর.ও. নং- ১১৬-আইন/২০২১/০৫/কাস্টমস।-** Customs Act, 1969 (Act No. IV of 1969), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, কম্পিউটার, কম্পিউটারের যন্ত্রাংশ, কম্পিউটারের একসেসরিস, পিসিবি, পিসিবিএ ও আনুষঙ্গিক ডিজিটাল পণ্য স্থানীয়ভাবে উৎপাদনের লক্ষ্যে, উক্ত Act এর FIRST SCHEDULE ভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নবর্ণিত TABLE এর কলাম (1) এ বর্ণিত Heading এর বিপরীতে কলাম (2) তে উল্লিখিত H.S. Code এবং কলাম (3) এ বর্ণিত পণ্যসমূহকে উহাদের উপর আরোপণীয় আমদানি শুল্ক, যে পরিমাণে মূল্যভিত্তিক ১% (এক শতাংশ) এর অতিরিক্ত হয়, সেই পরিমাণ, সমুদয় রেগুলেটরি ডিউটি এবং সমুদয় মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক, যদি থাকে, নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথা:-

**TABLE**

| **Heading** | **H. S. Code** | **Description** |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| 25.13 | 2513.10.00 | Pumice powder |
| 28.07 | 2807.00.00 | Sulphuric acid |
| 28.29 | 2829.11.00 | Sodium chlorate |
| 28.33 | 2833.25.00 | Copper sulfate |
| | 2833.29.90 | Sodium per sulphate, Tin sulphate |
| | 2841.61.00 | Potassium Permanganate |
| 28.41 | 2841.69.00 | Sodium permanganate |
| 28.43 | 2843.30.00 | Gold (GPC) |
| 32.06 | 3206.19.20 | Masterbatch |
| 32.09 | 3209.90.90 | Color paints or varnishes |
| 32.14 | 3214.90.00 | Silica gel |
| 34.02 | 3402.19.10 | Defoaming agent |
| | 3402.90.90 | Thermal irresponsive glue |
| 35.06 | 3506.99.00 | Thermal pest; Processor thermal pest |
| 37.01 | 3701.30.10 | Unexposed photosensitive plate |
| | 3702.42.00 | Unexposed photo Sensitive emulsion film. |
| 37.02 | 3702.98.00 | Unexposed photosensitive film |
| 37.07 | 3707.90.00 | Photographic chemical |
| | 3810.10.00 | Solder paste |
| | 3810.90.90 | HASL Flux |

| | | |
|---|---|---|
| | 3810.90.90 | Soldering Cleaner |
| | 3810.90.90 | Soldering Flux |
| 38.12 | 3812.20.00 | Plastic/ rubber additives (controller) |
| | 3814.00.90 | Reducer (Printing Ink Reducer) |
| 38.24 | 3824.99.90 | Electroplating salts and chemicals for PCB Manufacturing, Alkalineetchant,Tin stripper,Resist, Striper |
| 39.03 | 3903.30.90 | Acrylonitrile butadiene styrene (ABS) Resin |
| 39.06 | 3906.10.00 | PMMA Resin |
| 39.07 | 3907.40.90 | Polycarbonate (PC) Resin |
| 39.19 | 3919.10.90 | adhesive type foam; Adhesive type thermal tape; Double side adhesive tape |
| | 3919.90.99 | Tape mylar |
| 39.21 | 3921.19.90 | Pet optical film (coated/non-coated) in roll form |
| 39.26 | 3926.90.99 | A-cover; B-cover; C-cover; D-cover; Back cover; Side cover –Left; Side cover –right (for computer monitor, Laptop monitor, Tab, keyboard and mouse) |
| | 3926.90.99 | Sponge for case |
| 40.16 | 4016.93.00 | Gasket |
| | 4016.99.90 | Stand rubber; Thermal pad |
| 56.03 | 5603.11.90 | Conductive fabric |
| 70.19 | 7019.32.90 | Glass fiber |
| | 7019.90.90 | Prepreg (glass fiber and expoy) |
| 70.20 | 7020.00.90 | Glass cover sheet for monitor |
| 72.26 | 7226.99.90 | Processed plain metal-alloy sheet for housing; Decoration steel sheet for making computer body casing |
| 73.18 | 7318.14.90 | Screw |
| | 7318.22.90 | Washer |
| 73.26 | 7326.19.00 | Protector steel |
| 74.03 | 7403.19.00 | Copper anode ball |
| 74.08 | 7408.19.90 | Copper Wire; Jumper wire |
| 74.10 | 7410.11.00 | Copper foil |
| | 7410.21.10 | Copper clad laminate with backing material: Copper foil thickness not exceeding 0.15 mm |
| 76.07 | 7607.11.90 | Aluminum Foil; Thickness: 0.18 mm |
| | 7607.20.99 | Bottom case aluminum foil |
| 80.01 | 8001.20.00 | Tin alloy/solder bar |
| 80.03 | 8003.00.00 | Pure tin anode |
| | 8003.00.00 | Solder Tin Bar |
| 82.07 | 8207.50.00 | Tools for drilling (drill bit),Tools for drilling (slot bit) |
| | 8207.70.00 | Tools for milling (routing bit) |
| 83.11 | 8311.30.00 | Solder lead bar |
| | 8311.30.00 | Soldering Wire |
| 84.71 | 8471.70.00 | Internal hard disk drive (HDD); Random access memory (RAM); Embedded multimedia card (EMMC) |
| 84.73 | 8473.30.00 | Antenna; Antenna WLAN combo; Receiver; mic; Keypad dome; Receiver; Vibrator |
| | 8473.30.00 | Tuner; Graphics card; Loaded printed circuit board (PCB) |
| | 8473.30.00 | CPU supporter base; CPU support bracket single edge contact cartridge (SECC); Lid PWR SW board; VGA support single edge contact cartridge (SECC); Battery |

| | | |
|---|---|---|
| | | charge input pin; Charging pin; Iinput-output (I/O) port |
| | 8473.30.00 | Fan module; Jointing roller; RAM module; Memory module; Camera module; CCD lens module; CPU heat sink module ; Liquid crystal module; HDD board module; Panel mirrors |
| | 8473.30.00 | Keypad; Bottom case |
| | 8473.30.00 | LCD hinge; Hinge ring; Steel frame hinge; Gears; Battery cell; Battery board; |
| | 8473.30.00 | Solid static devices (SSD) slot; SIM slot; T-card slot; Earphone port; Connecting ports/slots; HDD caddy; Stand silver;Iinternal optical device drive (ODD) |
| 85.01 | 8501.31.90 | DC motors |
| 85.04 | 8504.31.00 | Transformer |
| | 8504.50.00 | Inductor |
| | 8504.40.90 | AC adapter |
| 85.06 | 8506.50.00 | Battery 3v |
| 85.07 | 8507.60.00 | Lithium ion battery |
| 85.18 | 8518.29.00 | Speaker |
| 85.18 | 8518.90.00 | Parts & components for speaker |
| 85.23 | 8523.51.90 | Internal solid state drive (SSD); |
| 85.29 | 8529.90.22 | Liquid crystal device /open cell/TFT-LCD module |
| 85.29 | 8529.90.90 | Touch panel; Touch pad |
| | 8532.23.00 | Ceramic Dielectric, Single layer Capacitor |
| | 8532.24.00 | Ceramic Dielectric, Multi-layer Capacitor |
| 85.32 | 8532.29.90 | Capacitor |
| | 8532.22.90 | Aluminum Electrolytic Capacitor |
| 85.33 | 8533.29.00 | Resistor |
| 85.34 | 8534.00.00 | Unloaded printed circuit board (PCB) |
| 85.35 | 8535.21.10 | Circuit breakers |
| 85.36 | 8536.69.90 | 2 pin connector plug; Connectors; Sockets |
| 85.41 | 8541.10.00 | Diode |
| | 8541.29.00 | Transistor |
| | 8541.60.00 | Crystal oscillator |
| 85.42 | 8542.39.90 | Integrated circuit |
| | 8542.39.90 | CPU chips; |
| | 8544.42.00 | Cable fitted with connector |
| 85.44 | 8544.19.90 | Power switch board; Flexible flat cable motherboard to audio board; Flexible flat cable for power board to mother board; Flexible flat cable mother board to audio board; Ribbon cables; Low voltage serial (LVS) cable; Power cord; Speaker cable; USB cable; Wire cable for CCD d-mic; Wire cable for lid |
| 85.46 | 8546.90.00 | Heat sink |
| 90.01 | 9001.90.90 | LCM protective lens; Camera protective lens |
| 90.06 | 9006.69.00 | LED/ Flash light |
| 90.13 | 9013.90.10 | Open cell (display panel); Polarizing film; Optical film; Light guide plate; Reflector; Wave guide , Diffuser (back |

| | | |
|---|---|---|
| | | light controller) |
| 90.31 | 9031.90.00 | Sensor; Touch panel sensor |
| 94.05 | 9405.40.90 | Backlight] |

## শর্তসমূহ

(ক) এই প্রজ্ঞাপনের অধীন রেয়াতি সুবিধা শুধু সেইসব Industrial IRC Holder VAT Compliant উৎপাদনকারী বা সংযোজনকারী প্রতিষ্ঠান এর ক্ষেত্রে প্রযোজ্য হইবে, যাহারা এই প্রজ্ঞাপনে উল্লিখিত সকল শর্ত প্রতিপালনপূর্বক আমদানিকৃত পণ্য বা যন্ত্রাংশ বা উপকরণ দ্বারা স্থানীয়ভাবে কম্পিউটার উৎপাদন বা সংযোজন করিয়া থাকেন;

**ব্যাখ্যাঃ**

(অ) Industrial IRC holder অর্থ এইরূপ প্রতিষ্ঠান যাহার নিকট আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর হইতে ইস্যুকৃত হালনাগাদ শিল্প ভোক্তা (Industrial Consumer) আইআরসি রহিয়াছে;

(আ) VAT compliant অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ ও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর অধীন নিবন্ধিত নিয়মিত দাখিলপত্র (রিটার্ন) দাখিল করে এইরূপ উৎপাদনকারী প্রতিষ্ঠান;

(খ) এই প্রজ্ঞাপনের আওতায় পণ্য আমদানি ও খালাসের লক্ষ্যে প্রতিষ্ঠানটির হালনাগাদ নবায়নকৃত শিল্প ভোক্তা আইআরসি রহিয়াছে এবং ১৩ ডিজিট সম্বলিত মূল্য সংযোজন কর (মূসক) নিবন্ধিত প্রতিষ্ঠানটি বিবেচ্য বিল অব এন্ট্রি দাখিলের অব্যবহিত পূর্ববর্তী মাসের মূসক দাখিলপত্র (রিটার্ন) দাখিল করিয়াছে মর্মে কাস্টমস কম্পিউটার সিস্টেমে বা ভ্যাট অনলাইন সিস্টেমে বা জাতীয় রাজস্ব বোর্ড এর ওয়েবসাইটে বা ভ্যাট কমিশনারেট এর ওয়েবসাইটে ইলেকট্রনিক তথ্য প্রদর্শিত থাকিতে হইবে:

তবে শর্ত থাকে যে, কোনো দৈব-দূর্বিপাক বা কোনো যৌক্তিক কারণে ইলেকট্রনিক তথ্য পাওয়া সম্ভব না হইলে সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস প্রতি ক্ষেত্রে কারণ লিপিবদ্ধ করিয়া শুল্কায়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিতে পারিবে।

(গ) পণ্যের মান নিয়ন্ত্রণের জন্য সংশ্লিষ্ট উৎপাদনকারী বা সংযোজনকারী প্রতিষ্ঠানের নিজস্ব Testing Lab থাকিতে হইবে, অথবা মান নিয়ন্ত্রণের জন্য কোনো স্বীকৃত Testing Lab এর সহিত চুক্তিবদ্ধ হইতে হইবে, তবে উক্ত প্রতিষ্ঠানের এতদসংক্রান্ত নিজস্ব গুরুত্বপূর্ণ মেশিনারিজ, যেমন- Exposing machine, Wave soldering machine, Surface mounting technology, Injection moulding machine, Automatic optical inspection mechine, Reflow oven machine, D.E.S, V.M.C, Effluent treatment plant (ETP), ইত্যাদি থাকিতে হইবে।

২। উৎপাদনকারী বা সংযোজনকারী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক কারখানা স্থাপনের পর এই প্রজ্ঞাপনের অধীন রেয়াতি সুবিধায় পণ্য বা যন্ত্রাংশ বা উপকরণ আমদানির অনুমোদনের জন্য চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড বরাবর আবেদন করিতে হইবে এবং আবেদন বিবেচনার ক্ষেত্রে প্রথম সচিব (কাস্টমস নীতি), তথ্য

ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের প্রতিনিধি এবং সংশ্লিষ্ট ভ্যাট বিভাগীয় কর্মকর্তা সরেজমিন যাচাইপূর্বক চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড বরাবর **''পরিশিষ্ট-১''** অনুযায়ী একটি প্রতিবেদন দাখিল করিবেন।

৩। **''পরিশিষ্ট-১''** অনুযায়ী প্রাপ্ত প্রতিবেদনে প্রতিষ্ঠানের শিল্প স্থাপন সংক্রান্ত কার্যক্রম সন্তোষজনক বিবেচিত হইলে আবেদনকারী প্রতিষ্ঠানকে এই প্রজ্ঞাপনের অধীন রেয়াতি হারে পণ্য আমদানির অনুমোদন প্রদান করা হইবে এবং উক্ত অনুমোদন পত্রের সত্যায়িত ফটোকপি প্রতিটি আমদানি পণ্যচালান শুল্কায়নের সময় বিল অব এন্ট্রির সহিত দাখিল করিতে হইবে।

৪। প্রতি একক কম্পিউটার, কম্পিউটারের যন্ত্রাংশ, কম্পিউটারের একসেসরিস, পিসিবি, পিসিবিএ ও আনুষঙ্গিক ডিজিটাল পণ্য উৎপাদনের জন্য সম্ভাব্য বা যৌক্তিক অপচয়সহ কী কী পণ্য বা যন্ত্রাংশ বা উপকরণ কী পরিমাণে আবশ্যক (উপকরণ-উৎপাদ সহগ) সে সম্পর্কিত তথ্য **''পরিশিষ্ট-২''** অনুযায়ী ৩ (তিন) কপি পণ্য আমদানির পূর্বেই সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেট এর কমিশনার বরাবর দাখিল করিতে হইবে এবং কমিশনার উক্ত সহগ অনুমোদনপূর্বক প্রতিস্বাক্ষর করিবেন এবং একটি কপি অফিসের রেকর্ড হিসাবে সংরক্ষণ করিবেন, দ্বিতীয় কপি জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস নীতি) বরাবরে প্রেরণ করিবেন এবং অপর কপি প্রতিষ্ঠান কর্তৃপক্ষ কে ফেরত দিবেন, **পরিশিষ্ট-২** এর সত্যায়িত ফটোকপি প্রতিটি আমদানি পণ্যচালান শুল্কায়নের সময় বিল অব এন্ট্রির সহিত দাখিল করিতে হইবে।

৫। এই প্রজ্ঞাপনে উল্লিখিত পণ্য বা যন্ত্রাংশ বা উপকরণ **''পরিশিষ্ট-২''** অনুযায়ী আমদানি করিয়া অনুমোদিত উপকরণ-উৎপাদ সহগ মোতাবেক কম্পিউটার, কম্পিউটারের যন্ত্রাংশ, কম্পিউটারের একসেসরিস, পিসিবি, পিসিবিএ ও আনুষঙ্গিক ডিজিটাল পণ্য উৎপাদন করা হইতেছে কিনা উহা সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেটের কমিশনার তাহার অধীনস্থ সংশ্লিষ্ট ভ্যাট বিভাগীয় কর্মকর্তার মাধ্যমে প্রতি ৬ (ছয়) মাস অন্তর সরেজমিনে পরিদর্শন করিয়া নিশ্চিত করিবেন।

৬। আমদানিকৃত পণ্য বা যন্ত্রাংশ বা উপকরণ, কম্পিউটার, কম্পিউটারের যন্ত্রাংশ, কম্পিউটারের একসেসরিস, পিসিবি, পিসিবিএ ও আনুষঙ্গিক ডিজিটাল পণ্য উৎপাদন বা সংযোজন ব্যতীত অন্য কোনো কাজে ব্যবহার বা বিক্রয় বা অন্যবিধভাবে হস্তান্তর করা যাইবে না।

৭। কোনো উৎপাদনকারী বা সংযোজনকারী প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনের শর্ত লঙ্ঘন করিলে এবং উক্ত লঙ্ঘনজনিত কারণে রাজস্ব ক্ষতি হইলে সেইক্ষেত্রে তাহার বিরুদ্ধে কাস্টমস আইন ও মূল্য সংযোজন কর আইনের বিধান অনুযায়ী ও প্রযোজ্যক্ষেত্রে সংশ্লিষ্ট অন্যান্য আইন মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইবে।

৮। ১ জুন, ২০১৭ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং- ১৩১-আইন/২০১৭/১৭/ কাস্টমস এতদ্দ্বারা রহিত করা হইল।

৯। এই প্রজ্ঞাপন ৩ জুন, ২০২১ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

**পরিশিষ্ট-১**

**[দফা ২ দ্রষ্টব্য]**

**<u>কারখানা পরিদর্শন প্রতিবেদন</u>**

আমরা নিম্নস্বাক্ষরকারগণ বিগত - - - - - - - খ্রি: তারিখ - - - - - - - - - - - - - - - - - - - - - - - - নামীয় কম্পিউটার, কম্পিউটারের যন্ত্রাংশ, কম্পিউটারের একসেসরিস, পিসিবি, পিসিবিএ ও আনুষঙ্গিক ডিজিটাল পণ্য উৎপাদনকারী বা সংযোজনকারী শিল্প কারখানা সরেজমিন পরিদর্শন করি। পরিদর্শনে প্রাপ্ত তথ্যাদি নিমণরূপ, যথা:-

১। প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা :

২। মূসক নিবন্ধন নম্বর (BIN) :

৩। মালিক/স্বত্বাধিকারীর নাম ও ঠিকানা (বর্তমান/স্থায়ী) :

৪। আয়কর সনদ নম্বর (TIN) :

৫। জমি ও ভবনের বিবরণ :

(ক) জমি ও ভবন নিজস্ব কিনা :
(খ) মোট জমির পরিমাণ :
(গ) কারখানা ভবনের (ওয়্যারহাউসসহ) আয়তন:
(ঘ) কারখানা ভবনের প্রকৃতি : (পাকা/সেমি পাকা/অন্যান্য) :
(ঙ) অফিস ভবনের আয়তন :
(চ) বিদ্যুৎ সংযোগ আছে কিনা :

৬। কারখানা ভবন ভাড়া হইলে ভাড়া চুক্তির কপি:

৭। স্থাপিত যন্ত্রপাতির বিবরণ :

৮। স্থাপিত যন্ত্রপাতি দ্বারা উৎপাদনযোগ্য পণ্যের বিবরণ :

৯। উৎপাদনযোগ্য পণ্যের উপকরণ-উৎপাদ সহগ সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেটে দাখিল ও অনুমোদন করা হইয়াছে কিনা :

উপর্যুক্ত তথ্যাদি পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, বর্ণিত প্রতিষ্ঠানটি স্থানীয়ভাবে কম্পিউটার উৎপাদন বা সংযোজনের লক্ষ্যে প্রাথমিক প্রস্তুতি সম্পন্ন করিয়াছে। প্রতিষ্ঠানটিকে প্রজ্ঞাপন এস.আর.ও. নং -------------, তারিখ: ------------------ এর আওতায় উক্ত প্রজ্ঞাপনে উল্লিখিত পণ্য বা যন্ত্রাংশ বা উপকরণ রেয়াতি সুবিধায় আমদানির অনুমোদন প্রদানের সুপারিশ করা হইল।

| | | |
|---|---|---|
| সংশ্লিষ্ট ভ্যাট বিভাগীয় কর্মকর্তার নাম ও স্বাক্ষর | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের প্রতিনিধির নাম ও স্বাক্ষর | প্রথম সচিব (কাস্টমস নীতি) |
| তারিখ: | তারিখ: | তারিখ: |

**পরিশিষ্ট-২**

**[দফা ৪ ও ৫ দ্রষ্টব্য]**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা**

কম্পিউটার উৎপাদন বা সংযোজন এর কাজে আবশ্যক পণ্য বা যন্ত্রাংশ বা উপকরণ সম্পর্কিত ঘোষণা:

১। প্রতিষ্ঠানের নাম:

২। ঠিকানা:

৩। মূসক নিবন্ধন নম্বর:

| **ক্রম নং** | **পণ্যের নাম ও এইচ. এস. কোড** | **একক** | **পণ্য উৎপাদনে ব্যবহার্য পণ্য বা যন্ত্রাংশ বা উপকরণের নাম (এইচ.এস. কোডসহ)** | **অপচয়সহ প্রতি একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় পণ্য বা যন্ত্রাংশ বা উপকরণের প্রতিটির পরিমাণ** | **অপচয় ব্যতীত প্রতি একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় পণ্য বা যন্ত্রাংশ বা উপকরণের প্রতিটির পরিমাণ** | **অপচয়ের শতকরা হার** |
|---|---|---|---|---|---|---|
| **(১)** | **(২)** | **(৩)** | **(৪)** | **(৫)** | **(৬)** | **(৭)** |
| | | | | | | |

সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারের প্রতিস্বাক্ষর

প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের
স্বাক্ষর ও তারিখ

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**স্বাক্ষরিত/-**

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
**সিনিয়র সচিব।**